



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩০৮৯৪৯,

০২২২৩০৮৬১

ই-মেইলঃ [dgmsme@krishibank.org.bd](mailto:dgmsme@krishibank.org.bd)

নং-বিকেবি-প্রকা/ক্রেডিট-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ২৭৮০(১২০০)

তারিখঃ ১৮/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : “স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন ক্ষীম”, “কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন ক্ষীম”, এবং “নতুন উদ্যোগ পুনঃঅর্থায়ন তহবিল” এর আওতায় ঋণ বিতরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের ২৬/১১/২০২০ তারিখের সার্কুলার লেটার নং-১৩৪১(১২০০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরিচালিত বিভিন্ন পুনঃঅর্থায়ন ক্ষীম সংক্রান্ত অধিকতর সংশোধিত ও সময়োপেক্ষণী নির্দেশনা প্রদান করা হয়েছে, যা অত্র বিভাগের উপরোক্ত সার্কুলার লেটার মূলে অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে জারি করা হয়েছে। সিএমএসএমই খাতের পুনরঞ্জীবন প্রক্রিয়া আরও গতিশীল এবং টেকসই করতে বাংলাদেশ ব্যাংকের অর্থায়নে পরিচালিত পুনঃঅর্থায়ন ক্ষীম তিনটি “স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন ক্ষীম”, “কৃষিজাত পণ্য প্রক্রিয়াজাতকরণের জন্য মফস্বল ভিত্তিক শিল্প স্থাপনে পুনঃঅর্থায়ন ক্ষীম” এবং “নতুন উদ্যোগ পুনঃঅর্থায়ন তহবিল” এর আকারে বৃক্ষি করে যথাক্রমে ১,৫০০ কোটি, ১৪০০ কোটি, এবং ১০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে। এছাড়া এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২, তারিখঃ ২০/০৬/২০২২ এর মাধ্যমে স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন ক্ষীম এর আওতায় শুধুমাত্র নারী উদ্যোক্তাদের ঋণ/বিনিয়োগের বিপরীতে এ সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা হয়েছে। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক আলোচ্য তিনটি ক্ষীমের আওতায় পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংকের সাথে অংশগ্রহণ চুক্তি সম্পাদন করা হয়েছে।

০৩। আলোচ্য পুনঃঅর্থায়ন ক্ষীমসমূহের আওতায় অর্থায়নের জন্য মাঠ কার্যালয় সমূহকে নির্দেশনা প্রদান করা হলেও মাঠ পর্যায়ে এ সংক্রান্ত কোন ঋণ বিতরণ করা হচ্ছে না/পুনঃঅর্থায়নের প্রস্তাব প্রেরণ করা হচ্ছে না, যা অনভিপ্রেত। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এ সংক্রান্ত নীতিমালাসমূহ যথাযথ অনুসরনপূর্বক আলোচ্য তিনটি ক্ষীমের আওতায় উদ্যোগ নির্বাচন করতে পুনঃঅর্থায়ন সুবিধা গ্রহণের লক্ষ্যে প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র বিভাগে প্রেরণের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বাস

(মোহাম্মদ মস্তুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩০-৮৮৯৪৯

নং-বিকেবি-প্রকা/ক্রেডিট-শাখা-৪(এসএমই)-৭(৮)/সিজিএস/২০২২-২০২৩/ ২৭৮০(১২০০)

তারিখঃ ১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ।

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপন্থি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

(মোহাম্মদ মোশাররফ হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

[www.bb.org.bd](http://www.bb.org.bd)



এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২

তারিখঃ ০৬ , ১৪২৯

জুন ২০, ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে বিতরণকৃত  
খণ্ড/বিনিয়োগের বিপরীতে প্রগোদনা সুবিধা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এসএমইএসপিডি সার্কুলার নং-০৮, তারিখঃ ১৭/০৮/২০২১ এবং এসএমইএসপিডি সার্কুলার লেটার  
নং-০৯, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটার এর মাধ্যমে সিএমএসএমই খাতের নারী উদ্যোক্তাদেরকে উৎসাহ প্রদানের  
লক্ষ্যে যথাসময়ে খণ্ড/বিনিয়োগ পরিশোধের জন্য ১% প্রগোদনা প্রদানসহ মাত্র ৫% সুদে খণ্ড সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করা  
হয়। কিন্তু দীর্ঘ সময় অতিবাহিত হওয়ার পরও ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কাঞ্চিত গ্রাহকগণকে অত্র প্রগোদনা ক্ষীমের আওতায়  
খণ্ড সুবিধা প্রদানে যথাযথ ভূমিকা রাখতে সক্ষম হচ্ছে না। যার ফলে আছাই খণ্ডহীতাগণ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঘোষিত এ  
সুবিধা গ্রহণে বন্ধিত হচ্ছেন। উল্লেখ্য, কিন্তু কিছু ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বর্ণিত প্রগোদনার সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য গ্রাহক  
নির্ধারণে অসুবিধার সম্মুখীন হচ্ছে মর্মে বাংলাদেশ ব্যাংক-এর গোচরীভূত হয়েছে।

০৩। এক্ষণে, সূত্রালিখিত সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত গ্রাহক চিহ্নিতকরণে সৃষ্টি জটিলতা/অসুবিধা দূরীকরণে এ মর্মে  
জানানো যাচ্ছে যে, এসএমইএসপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ০৫/০৯/২০১৯ এর মাধ্যমে ‘স্মল এন্টারপ্রাইজ খাতে পুনঃঅর্থায়ন  
ক্ষীম’ শিরোনামে যে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হয়েছে তার আওতায় এখন থেকে শুধুমাত্র নারী উদ্যোক্তাগণই খণ্ড সুবিধা ও  
বর্ণিত প্রগোদনা সুবিধা প্রাপ্ত হবেন। অত্র ক্ষীমের আওতায় খণ্ডহীতা পর্যায়ে সুদের হার হবে সর্বোচ্চ ৫% এবং যথাযথভাবে ও  
নির্ধারিত সময়ে পরিশোধ/সমন্বয় করার জন্য বাংলাদেশ ব্যাংক থেকে বর্ণিত গ্রাহকগণ ১(এক) শতাংশ হারে ইনসেন্টিভ সুবিধা প্রাপ্ত  
হবেন। এতদ্ব্যতীত যথাযথভাবে খণ্ড ব্যবস্থাপনা করার দায়িত্বপ্রাপ্ত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানও ১(এক) শতাংশ হারে প্রগোদনা  
সুবিধা প্রাপ্ত হবে।

০৪। এ ক্ষীমের আওতায় প্রগোদনার অর্থ প্রাপ্তির লক্ষ্যে সংযুক্ত “নমুনা ফর্ম” অনুযায়ী আবেদনপত্র দাখিল করতে হবে।  
এতদ্ব্যতীত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

০৫। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে  
এ নির্দেশনা জারি করা হলো।

০৬। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: ০২ (দুই)

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাকের হোসেন)  
পরিচালক (এসএমইএসপিডি)  
ফোনঃ ৯৫৩০৫০২